

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ০২/২০১৮

তারিখঃ ০৭/০১/২০১৮খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক নথি নং-এস২-১১৫/বিবিধ/এপি/সেকশন-১/১২-১৩/৪৩৩কাস, তারিখঃ ০৪/০১/১৮ এর মাধ্যমে প্রেরিত বাংলাদেশ নিরপাদ খাদ্য কর্তৃপক্ষ এর স্মারক নং-১৩.০২.০০০০.৫০২.৩২.০১.১৭ (৬৩), তারিখঃ ০১/০১/১৮ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

বাংলাদেশ নিরপাদ খাদ্য কর্তৃপক্ষ
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা
www.bfsa.gov.bd

স্মারক নং-১৩.০২.০০০০.৫০২.৩২.০১.১৭ (৬৩)

তারিখঃ ০১/০১/১৮

বিষয়ঃ আমদানিকৃত সকল মাছের চালান বন্দর হতে খালাসের পূর্বে হেভি মেটাল (ভারী ধাতু) পরীক্ষা।

বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, আমদানিকৃত প্রায় সকল প্রকার মাছে অতি মাত্রায় হেভি মেটাল, বিশেষকরে সীসা বা লেড এবং ক্রোমিয়াম ও মার্কারী পাওয়া যাচ্ছে। যা, জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকিস্বরূপ। দেশকে খাদ্যে ভেজালমুক্ত করা বা নিরপাদ খাদ্যের নিশ্চয়তা বিধানে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন বাস্তবায়ন এবং এসডিজি'র লক্ষ্যে পূরণে এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেয়া অত্যন্ত জরুরী।

আমদানিকৃত সকল প্রকার মাছ বন্দরে খালাসের পূর্বে এটমিক এনার্জি সেন্টার ঢাকা, বিসিএসআইআর ঢাকা বা ফিশ কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, সাভার, ঢাকা হতে হেভি মেটাল (লেড, ক্রোমিয়াম, ক্যাডমিয়াম, মার্কারী) পরীক্ষা পূর্বক মৎস অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মাত্রার ভিতর পাওয়া গেলে তা খালাসের অনুমতি প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য, নিরপাদ খাদ্য আইন ২০১৩ মোতাবেক সকলের সাহায্য ও সহযোগিতা করার আইনগত বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়ের নির্দেশনা রয়েছে।

কমিশনার সকল/
কাস্টম হাউজ
চট্টগ্রাম।

স্বাক্ষরিত/-
মোঃ মাহবুব কবীর
সদস্য (যুগ্ম সচিব)
মোবাইলঃ ০১৯৭২১৬৫৪৪৭